

Q-2 জলাভূমি কাকে বলে? জলাভূমির বৈশিষ্ট্য গুলি লেখ। পরিবেশ রক্ষায় জলাভূমির গুরুত্ব লেখো।

জলাভূমি হল ভূপৃষ্ঠের ওপর স্বাভাবিক বা মানুষের তৈরি অগভীর জলে ডোবা এলাকা, ছোট বড় মাপের পুকুর, বিল, হ্রদ ও অন্যান্য জলাশয়-যার জল লবণাক্ত কষা বা মিষ্টি হতে পারে এবং যা প্রশ্নের যে কোন জায়গায় হতে পারে, যেমন নদীর অববাহিকায়, সমুদ্রের উপকূলে, পাহাড়ের ঢালে, মরুভূমির মধ্যে ইত্যাদি।

জলাভূমির বৈশিষ্ট্য:

1. জলাভূমিতে জলের উপস্থিতি লক্ষ্য করা যায়
2. জলাভূমির মৃত্তিকা আশেপাশের শুকনো জমির থেকে আলাদা প্রকৃতির হয়
3. জলাভূমিতে জলজ উদ্ভিদের প্রাচুর্য দেখা যায়
4. জলাভূমি অগভীর এবং জলে ঢাকা থাকে। সাধারণত বর্ষাকালে জলাভূমিতে জলের পরিমাণ বাড়ে আবার খাতু পরিবর্তনের সঙ্গে সঙ্গে তার তারতম লক্ষ্য করা যায়।
5. জলাভূমি আবদ্ধ বা খোলা উভয় প্রকার হতে পারে।
6. ভূপৃষ্ঠের উপর যে কোন নিচু ভূমিতে যেখানে জল জমে থাকতে পারে সেখানেই জনভূমি সৃষ্টি হতে পারে।

জলাভূমির গুরুত্ব: জলাভূমি হলো প্রাকৃতিক বৃক্ষ বা কিডনি। কিডনি বা বৃক্ষ যেমন দেহের বিভাক যত বর্জ্য পদার্থ পরিষ্কার করে তেমনি জলাভূমি প্রকৃতির বর্জ্য শোধনের মাধ্যমে প্রকৃতি ছাড়াও আরো অনেক উপায় পরিবেশ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নীচে এই বিষয়ে আলোচনা করা হলো-

বন্যা নিয়ন্ত্রণ ও রাস্তাঘাট বৃষ্টির জলের ডুবে যাওয়া বন্ধ করা: ভারী বর্ষাের পর দুটো জল নিষ্কাশনের মাধ্যমে রাস্তাঘাট কে জলমগ্ন অবস্থা থেকে মুক্ত করতে জলাভূমি সাহায্য করে। কারণ এখানেই বন্যা ও বৃষ্টির জল জমা হওয়ার সুযোগ পায়।

ভৌম জলের পরিমাণ বজায় রাখার জন্য: জলাভূমির জল মাটির নিচে ধীরে ধীরে যত নামতে থাকে ভৌম জলের সঞ্চয় তত বাড়ে তার জন্য জলাভূমি সংরক্ষণ করা প্রয়োজন। নতুবা আগামী দিনে নলকূপ থেকে জলের সরবরাহ আর পাওয়া যাবে না।

জলের গুণগত মান বজায় রাখার জন্য: জলাভূমিতে যে সমস্ত জলজ উদ্ভিদ এবং শ্যাওলা জন্মায় তারা জলাভূমির জলে দ্রবীভূত বিভিন্ন প্রকার রাসায়নিক পদার্থকে শোষণ করে ফলে জলাভূমির জলের গুণগত মান বজায় থাকে।

জীব বৈচিত্র্য রক্ষায় ভূমিকা: জলাভূমিতে বিভিন্ন জলজ প্রাণী এবং জলজ উদ্ভিদ বসবাস করে এছাড়া শীতকালে সুদূর সাইবেরিয়া থেকে বিভিন্ন ধরনের পাখি এখানে আসে তারা বংশবৃদ্ধি করে। জলাভূমি নষ্ট হলে এই সমস্ত জলজ উদ্ভিদ ও জলজ প্রাণীরা আর বাঁচবে না। ফলে বাস্তুতির ভারসাম্য বিঘ্নিত হবে।

সামুদ্রিক ঝড় এবং উপকূলের ক্ষয় রোধ ভূমিকা:

সমুদ্রের নিকটবর্তী জলাভূমি সামুদ্রিক ঝড় বা তুফানের তীব্রতা কমিয়ে দেয় এছাড়া সমুদ্রের বড় বড় ঢেউ জলাভূমিতে ভেঙে পড়ে এবং উপকূলের জমির ভাঙন করে।

অর্থনৈতিক উপকরণ হিসেবে জলাভূমি:

1. জলের ভান্ডার হিসেবে স্থানীয়ভাবে বড় বড় পুকুর জলাশয় দিঘি বিল এবং হ্রদ বিশেষ ভূমিকা পালন করে।
2. নানান ধরনের বাণিজ্যিক ফসলের চাষ হয় জলাভূমিতে, যেমন পাট, ধান, পানিফল ইত্যাদি।
3. জলাভূমিতে মাছ এবং চিংড়ি চাষ ভালো হয়।
4. জলচক্রের কার্যকারিতা রক্ষায় জলাভূমি বিশেষ ভূমিকা পালন করে।
5. খাদ্যশৃঙ্খলের ভিত্তি স্থাপনের ভূমিকা গুরুত্বপূর্ণ।
6. পলি ধরে রাখা এবং নতুন জমি গড়ে তোলার ক্ষেত্রে জলাভূমির গুরুত্ব অনস্বীকার্য।